# মোরেলগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

## সভা নং- ১৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | হাবিবুল্লাহ, প্রশাসক, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট। |
| তারিখ ও সময় | ঃ | ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ রোজ বুধবার, সকাল-১১.৩০ ঘটিকায়। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মোরেলগঞ্জ, বাগেরহাট। |

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা জনাব হাবিবুল্লাহ, প্রশাসক, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট এর সভাপতিত্বে শুরু করা হয়। সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যক্রম পরিচালনা করেন এবং বিভিন্ন সরকারি দপ্তর প্রধানগণকে স্ব স্ব দপ্তরের কার্যক্রম ও উন্নয়নমূলক কাজ সম্পর্কে সভায় উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

<u>সভায় উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা- পরিশিষ্ট- 'ক' ও 'খ'</u>

০১। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

| আলোচ্য সূচী | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২। | **বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা :**<br><u>(ক) উপজেলা প্রকৌশল দপ্তর ঃ</u><br>সভায় উপজেলা প্রকৌশলী, মোরেলগঞ্জ জানান যে, মোরেলগঞ্জ উপজেলার অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচী (এডিপি) খাতে এখনও অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। এডিপির খাতে যথাসময়ে প্রকল্প গ্রহণ, চূড়ান্তকরণ ও যথাসময়ের মধ্যে প্রকল্প কাজ সুষ্ঠু ও সন্তোষজনকভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ অনুযায়ী উপজেলা পরিষদের প্রকল্প প্রণয়ন, চূড়ান্তকরণ ও বাস্তবায়নের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ১৯/০৮/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ৬২৯ সংখ্যক স্মারকে জারিকৃত পত্রের নির্দেশনার প্রতি তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি অর্থ বছরের শুরুতে প্রকল্প প্রণয়ণ ও চূড়ান্তকরণের প্রতি গুরুত্বারোপ করেন। সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগের ১০/১১/২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের 'উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪' অনুযায়ী এডিপি'র অর্থায়নে উপজেলা পরিষদ কর্তৃক চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের স্কীম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রকল্পের তালিকা দাখিলের জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরোও জানান যে, মোরেলগঞ্জ উপজেলাধীন বহরবুনিয়া ইউনিয়নের ফুলহাতা বাজার, চিংড়াখালী বাজার, কুদঘাটা বাজার ও মৌলভীর হাটগুলোতে এই অঞ্চলের কৃষি পণ্য যেমন ধান, চাল, পান, সুপারি, মাছ, হাঁস, মুরগী, ছাগল, মহিষ ও নানান জাতের ফলসহ বিভিন্ন মালামাল ক্রয়-বিক্রয় এর মাধ্যমে বিভিন্ন স্থানে বিপনন করা হয়, এছাড়া স্থানীয় জনগণ নিত্য পন্যের চাহিদা এই হাটগুলো থেকে মিটিয়ে থাকে। উল্লিখিত হাটগুলোকে কেন্দ্র করে হাজার হাজার মানুষের জীবিকা নির্বাহের ব্যবস্থা হয়ে থাকে। স্থানীয় মানুষের জীবন যাত্রার উন্নয়নসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়া বহরবুনিয়া ইউনিয়নের ফুলহাতা বাজার, চিংড়াখালী বাজার, কুদঘাটা বাজার ও মৌলভীর হাট এর স্থাপনা বর্তমানে পুরাতন, জরাজীর্ণ, ব্যবহার অনুপযোগী ও মেরামত অযোগ্য অবস্থায় আছে। পুরাতন, জরাজীর্ণ, ব্যবহার অনুপযোগী ও মেরামত অযোগ্য হওয়ায় স্থপনাগুলো অপসারণ করে নতুন স্থাপনার মাধ্যমে উন্নয়ন করা প্রয়োজন। এমতবস্থায় ফুলহাতা বাজার, চিংড়াখালী বাজার, কুদঘাটা বাজার ও মৌলভীর হাটের শেড, ওপেন শেড, মাল্টিপারপাস শেড, টিউবওয়েল শেড গণশৌচাগারের স্কীমগুলো বাস্তবায়ন ও অনুমোদনের লক্ষ্যে সভায় উপস্থাপন করা হয়। | ২০২৫-২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচী (এডিপি'র) অর্থায়নে স্কীম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলে প্রকল্প প্রস্তাবনা দাখিল করবেন। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

(চলমান পাতা নং-০২)

CS CamScanner

| [illegible] সূচী | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০২। | **(খ) উপজেলা মৎস্য দপ্তর ঃ**<br>সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, আগামী ০৪ অক্টোবর ২০২৫ খ্রি তারিখ হতে ২৫ অক্টোবর ২০২৫ খ্রি তারিখ পর্যন্ত মোট ২২ (বাইশ) দিন সরকার কর্তৃক জাতীয় মাছ ইলিশের প্রধান প্রজনন মৌসুম নির্ধারণ করা হয়েছে। উক্ত ২২ (বাইশ) দিন জাতীয় ইলিশ মাছের সুষ্ঠু প্রজনন মজুদ, সংরক্ষণ, আহরণ, পরিবহণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। উক্ত কার্যক্রমকে ফলপ্রসু করতে লিফলেট, ব্যানার, মাইকিংসহ প্রচার-প্রচারণা এবং জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটির সভা করা হয়েছে। ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৫ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে মৎস্য আইন মেনে চলার জন্য আহবান জানানো হয় এবং নদ-নদীতে অভিযান চালানোর জন্য অর্থাৎ মৎস্য আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ডসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। তিনি আরোও জানান যে, সম্প্রতি মোরেলগঞ্জ উপজেলার চিংড়াখালী ইউনিয়নে ১০ (দশ) জন জেলে ভারতীয় কোস্টগার্ড কর্তৃক গ্রেপ্তার সংক্রান্ত একটি আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনখানা জেলা মৎস্য দপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। উক্ত জেলেদের ফিরিয়ে আনতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং ভুক্তভোগী জেলে পরিবারগুলোকে সাহায্যে ও সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। তিনি আরোও জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় মোরেলগঞ্জ উপজেলায় ২২.০৬ হেক্টর জলাশয়ে মোট ১.১০৫ মেটন রুই, কাতলা, মৃগেল প্রভৃতি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। | দাপ্তরিক সকল কাজকর্ম যথাযথভাবে সম্পন্ন করার ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকলে |
| | **(গ) উপজেলা মহিলা বিষয়ক অফিস:**<br>সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে প্রতি ইউনিয়নে বরাদ্দ ১০ জন করে। সে প্রেক্ষিতে ৩ মাসে প্রতি ইউনিয়নে ৩০ জন ভাতাভোগী নির্বাচন হওয়ার কথা। সেপ্রেক্ষিতে নির্ধারিত বরাদ্দ অনুযায়ী প্রকৃত উপকারভোগীদের তালিকা প্রস্তুত করে অত্র অফিসে দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি আরোও জানান যে, ইতিমধ্যে জুলাই ২০২৫ খ্রি হতে সেপ্টেম্বর ২০২৫ খ্রি পর্যন্ত ০৩ (তিন) মাসের ভিও প্রদান করা হয়েছে। উপকারভোগীদের মাঝে দ্রুত চাল বিতরনের জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | নির্ধারিত বরাদ্দ অনুযায়ী প্রকৃত উপকারভোগীদের তালিকা প্রস্তুত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া দাপ্তরিক সকল কাজকর্ম যথাযথভাবে সম্পন্ন করার ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা (সকল) |
| | **(ঘ) পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**<br>সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মোরেলগঞ্জ জোনাল অফিস জানান যে, বিভিন্ন সরকারি, আধা সরকারি, ইউনিয়ন পরিষদসমূহ এবং অন্যান্য গ্রাহকগণের নিকট পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যুৎ বিল বকেয়া থাকলে বিদ্যুৎ লাইন বিচ্ছিন্ন করার জন্য বিদ্যুৎ বিভাগের নির্দেশনা রয়েছে। বিদ্যুৎ বিলের অর্থ সরকারি রাজস্ব হওয়ায় সরকারি নির্দেশনা অনুযায়ী সকল সরকারি, আধা সরকারি ও ইউনিয়ন পরিষদসমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করেন। তিনি রাষ্ট্রীয় সম্পদ রক্ষার্থে সকলের সহযোগিতা কামনা করেন। | সকল সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি<br>২। সংশ্লিষ্ট সকলে |
| | **(ঙ) অন্যান্য দপ্তর সম্পর্কে আলোচনা ঃ**<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা প্রানিসম্পদ অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মাধ্যমিক অফিস, উপজেলা জনস্বাস্থ্য অফিস, উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা সমবায় অফিস, পল্লী সঞ্চয় ব্যাংক, উপজেলা বিআরডিবি অফিস, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, তথ্য আপা অফিস:<br>সভায় এ সকল দপ্তরের প্রধানগণ স্ব স্ব দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে এবং অদ্যকার সভায় আলোচনাযোগ্য কোন বিষয় নেই মর্মে জানান। এছাড়া উপজেলা পরিষদে ন্যস্তকৃত ১৭টি দপ্তরের অন্তর্ভুক্ত নয় এরূপ বিভাগের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় আলোচনার মতো কোন বিষয় থাকলে উপজেলা পরিষদের সভার অন্যূন ০৩ (তিন) দিন পূর্বে তাদের আলোচ্য বিষয় সম্পর্কে অবহিত করতে হবে। | দাপ্তরিক সকল কাজকর্ম যথাযথভাবে সম্পন্ন করার ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সংশ্লিষ্ট সকলে |

(চলমান পাতা নং-০৩)

CS CamScanner

| | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৩। | **বিবিধ আলোচনা ঃ** | | |
| | **(ক) উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত সম্পর্কে আলোচনা:** সভায় অবহিত করা হয় যে, উপজেলা পরিষদের অফিস কক্ষের পুরানো আসবাবপত্র যেমন, চেয়ার, টেবিল ও আলমারি ইত্যাদি দীর্ঘদিন ব্যবহারের ফলে অনেক আসবাবপত্র ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে, যার কারনে অফিসের দৈনন্দিন কার্যক্রমে বিঘ্ন ঘটে। এসব পুরানো আসবাবপত্র যেগুলো মেরামতযোগ্য সেগুলো মেরামত/রং করা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০ এর ৩. ছ. অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে মোরেলগঞ্জ উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র মেরামতের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আসবাবপত্র মেরামত/রংকরণের পক্ষে সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | উপজেলা পরিষদের অফিস কক্ষের পুরানো আসবাবপত্র যেমন, চেয়ার, টেবিল ও আলমারি ইত্যাদি মেরামত/রংকরণ এর বিষয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরে আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে মোরেলগঞ্জ উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে মেরামত/রংকরণ এর কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | **(খ) উপজেলা উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন অফিস ভবনের সেফটি ট্যাংকি মেরামতের কাজ বাস্তবায়ন সম্পর্কে আলোচনা ঃ** সভায় অবহিত করা হয় যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন অফিস ভবনের সেফটি ট্যাংকি মেরামত ও পরিস্কার পরিচ্ছন্ন কাজ বাস্তবায়ন সম্পর্কে সভায় আলোচনা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩. ক. অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী প্রতি অর্থবছরে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ কাজ বাস্তবায়নের সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে কাজ বাস্তবায়নের পক্ষে সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। এ লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন অফিস ভবনের সেফটি ট্যাংকি মেরামত ও পরিস্কার পরিচ্ছন্ন কাজ বাস্তবায়ন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে কাজ বাস্তবায়নের পক্ষে সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩. ক. অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন অফিস ভবনের সেফটি ট্যাংকি মেরামত ও পরিস্কার পরিচ্ছন্ন কাজ বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | **(গ) উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত সম্পর্কে আলোচনা ঃ** সভাকে অবহিত করা হয় যে, উপজেলা পরিষদের ব্যবহৃত কম্পিউটার দীর্ঘদিন ধরে অচল ও ত্রুটিপূর্ণ অবস্থায় আছে। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে দৈনন্দিন কাজের সুবিদার্থে অচল কম্পিউটার মেরামত করা প্রয়োজন মর্মে উপস্থিত সকলে মত প্রকাশ করেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩. ঞ. অনুচ্ছেদ এর নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ২০২৫-২০২৬ অর্থবছরে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে কম্পিউটার মেরামত কাজ বাস্তবায়নের পক্ষে সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩. ঞ. অনুচ্ছেদ এর নির্দেশনা অনুযায়ী পার্শ্বে উল্লিখিত কম্পিউটার মেরামত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে কম্পিউটার মেরামত কাজ বাস্তবায়নের পক্ষে সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | **(ঘ) বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কে ঃ** সভায় উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস ভবনের চর্তুপার্শে দীর্ঘদিন ধরে পরিষ্কার-পরিচ্ছন্নতার অভাবে পরিবেশ দূষণ হচ্ছে। বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা হয়। ময়লা আবর্জনা জমে ড্রেনেজ ব্যবস্থা অচল থাকায় পানি নিষ্কাষণ বাধাগ্রস্ত হচ্ছে। যা পরিবেশ ও স্বাস্থের জন্য ক্ষতিকর। মশার প্রজনন ও বংশ বিস্তারের মাধ্যমে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাবের আশংকা থাকে। এছাড়া উপজেলা পরিষদ কমপ্লেক্সের যত্রতত্র ময়লা আবর্জনা স্তুপের সৃষ্টি হতে না পারে এ লক্ষ্যে নিয়মিতভাবে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা আবশ্যক। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩. ভ. অনুচ্ছেদ এর নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে পরিবেশ ও স্বাস্থ্য সুরক্ষার জন্য পানি নিষ্কাষণের ব্যবস্থা সচল রাখা ও ময়লা-আবর্জনার স্তুপ অপসারণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করার পক্ষে সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩.ভ. অনুচ্ছেদ এর নির্দেশনা অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা কাজ সম্পন্ন করা হবে | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

(চলমান পাতা নং-০৪)

CamScanner

| | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩। | **(ঙ) উপজেলা পরিষদের যানবাহন জীপগাড়ি মেরামত সংক্রান্ত ঃ**<br>উপজেলা পরিষদের জীপ গাড়ি নং-বাগের-ঘ-১১-০০৩৮ মেরামতের জন্য কিছু যন্ত্রাংশ পরিবর্তন করা প্রয়োজন। দীর্ঘদিন যাবৎ জীপ গাড়ি অব্যবহৃত অবস্থায় আছে। গাড়িটি সচল, সংরক্ষণ ও ব্যবহার উপযোগী রাখার লক্ষ্যে জরুরী ভিত্তিতে জীপগাড়ির মবিল পরিবর্তন, ব্যাটারী পরিবর্তন, ক্লাস সিলিন্ডার পরিবর্তন ও মাইল মিটার সেন্সর পরিবর্তন কাজ করা একান্ত জরুরী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩.ণ. অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ২০২৫-২০২৬ অর্থবছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে উপজেলা পরিষদের যানবাহন জীপ গাড়ি মেরামত কাজ সম্পন্ন করার পক্ষে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩. ণ. অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল অর্থ দ্বারা ২০২৫-২০২৬ অর্থবছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে উপজেলা পরিষদের যানবাহন জীপ গাড়ি নং বাগের-ঘ-১১-০০৩৮ এর মেরামত কাজ সম্পন্ন করা হবে। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪। | সভায় উপজেলা নির্বাহী অফিসার তাঁর বক্তব্যে নিম্নোক্ত তথ্যগত ও পরামর্শমূলক বিষয়াবলী উপস্থাপন করেন ঃ<br>০১। বাল্যবিবাহ রোধ কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।<br>০২। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা এবং পাশাপাশি মৃত্যু নিবন্ধনও ১০০% সম্পন্ন করা হবে। অত্র উপজেলায় পৌরসভাসহ প্রতিটি ইউনিয়নে যাতে জন্ম নিবন্ধন হালনাগাদ করা হয় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদান করা। জন্ম ও মৃত্যু নিবন্ধনকালে সঠিক তথ্য প্রদান করা ও ইংরেজি বানানের ক্ষেত্রে অধিকতর যত্নশীল থাকা। জন্ম নিবন্ধন অনলাইন জন্মনিবন্ধন কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে হবে। ইউপি গ্রামপুলিশদের খুবই দায়িত্বশীলতার সাথে কার্য সম্পাদন করতে হবে।<br>০৩। ইউনিয়ন পরিষদের বিদ্যুৎ বিল হালনাগাদ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা।<br>০৪। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করার লক্ষ্যে জনপ্রতিনিধিসহ সকল ব্যবসায়ীগণের সহযোগিতা কামনা করেন।<br>০৫। গুজব ও ভুয়া তথ্য প্রচার করে কুচক্রী মহল যাতে সমাজে অপ্রীতিকর ঘটনা ঘটাতে না পারে সে জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>০৬। প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা।<br>০৭। বিধি মোতাবেক গ্রাম আদালত পরিচালনার নির্দেশনা দেন।<br>ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে উপরোক্ত পর্যবেক্ষণগুলো বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার সকলের সহযোগিতা কামনা করেন এবং স্ব স্ব বিভাগ ও সংস্থা কর্তৃক তা যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় আরোও জানান যে, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় সকল দপ্তর প্রধানগণকে উপস্থিত থেকে সংশ্লিষ্ট দপ্তর সম্পর্কে চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা করার উপর গুরুত্বারোপ করে বাধ্যবাধকতার বিষয়টি উল্লেখ করেন। তিনি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিতভাবে উপস্থিতির বিষয়ে অধিকতর গুরুত্বারোপ ও মনোযোগী হওয়ার আহবান জানান। এ প্রেক্ষিতে উপস্থিত সভায় সকল সদস্য এ সম্পর্কে একমত পোষণ করেন। এছাড়া টিসিবি'র পণ্য যাতে কার্ডধারী উপকারভোগীরা সঠিক ও নিয়ম মাফিক পায় এজন্য তিনি ট্যাগ অফিসার, ইউনিয়ন পরিষদ প্রশাসক, সদস্য ও সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি রাখার পরামর্শ দেন। ওএমএস এর চালসহ সকল ধরণের বরাদ্দকৃত খাদ্যশস্য ও পণ্যসামগ্রী যাতে ওএমএস ডিলার ও টিসিবি ডিলার কর্তৃক যথানিয়মে ও যথাযথভাবে সঠিক ওজনে বিতরণ নিশ্চিত করা হয় এ বিষয়ে নজর রাখার জন্য ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি আরও জানান যে, পথিপার্শ্বে বৃক্ষ রোপণসহ সামাজিক বনায়নের জন্য বিধান রয়েছে। এ প্রস্তাবে সভার সকলে একমত পোষণ করেন। তিনি আরোও জানান যে, বিভিন্ন ইউনিয়নে অবৈধভাবে মাটির নিচ থেকে আত্মঘাতী ড্রেজার মেশিনের মাধ্যমে বালু উত্তোলন করা হচ্ছে। এর ফলে নদী/খালের তীরবর্তীসহ বিভিন্ন এলাকায় ভাঙনের সৃষ্টি হচ্ছে। অবৈধভাবে বালু উত্তোলন রোধে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ প্রশাসকবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরোও জানান যে, মোরেলগঞ্জ উপজেলায় অবৈধভাবে কোন জায়গায় বসত ঘর/দোকান তৈরী/উঠানো যাবেনা এবং এসব অবৈধ বসত ঘর/দোকানে বিদ্যুৎ সংযোগ দেয়া যাবেনা মর্মে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে উল্লিখিত সরকারের গৃহিত সকল উন্নয়নমূলক কর্মকান্ড ও কর্মসূচিতে স্ব স্ব বিভাগ ও দপ্তর কর্তৃক যথাযথভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় সকল দপ্তর প্রধানগণ নিয়মিত উপস্থিত থাকবেন। এছাড়া টিসিবি'র পণ্য যাতে কার্ডধারী উপকারভোগীরা সঠিক ও নিয়ম মাফিক পায় এজন্য সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকবেন। অবৈধভাবে বালু উত্তোলন ও মাটির নিচ থেকে আত্মঘাতি মেশিনের মাধ্যমে বালু উত্তোলন যাতে না করা হয় এবং অবৈধভাবে কোন জায়গায় বসত ঘর/ দোকান তৈরী বা বসানোর ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট সকলে |

(চলমান পাতা নং-০৫)

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৫। | **জন্ম নিবন্ধন কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ** সভাকে অবহিত করা হয় যে, সরকারি নিয়ম অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে ডিজিটাল জন্ম নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার বিধান রয়েছে। সরকারি নির্দেশনা অনুযায়ী ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন শতভাগ সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়। জন্মনিবন্ধনের এন্ট্রির বিষয়ে দ্বৈততা পরিহার করার জন্য আরো সতর্ক থাকার জন্য ইউনিয়ন পরিষদকে পরামর্শ দেন। মোরেলগঞ্জ পৌরসভাসহ অত্র উপজেলায় প্রতিটি ইউনিয়ন পরিষদ কর্তৃক যাতে জন্ম নিবন্ধন হালনাগাদ করা হয় এ বিষয়ে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয়। | সরকারি নিয়ম অনুযায়ী শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন কার্যক্রম ১০০% সম্পন্ন করার জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাবৃন্দকে জন্ম নিবন্ধন শতভাগ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানান। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯।০৯।২৫
(হাবিবুল্লাহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
মোরেলগঞ্জ, বাগেরহাট
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা

স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২৫-৮১৮

তারিখঃ ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট।
০৬। প্রশাসক, মোরেলগঞ্জ পৌরসভা, মোরেলগঞ্জ, বাগেরহাট।
০৭। উপজেলা ------------------------------------------------ অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট।
০৮। প্রশাসক, -----------------------------ইউনিয়ন পরিষদ (সকল), মোরেলগঞ্জ, বাগেরহাট।
০৯। জনাব.........................................................................................................
১০। অফিস কপি।

২৯।০৯।২৫
(হাবিবুল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
মোরেলগঞ্জ, বাগেরহাট।

CamScanner